

শ্রীরামকৃষ্ণ আশ্রম ইনস্টিটিউট (হাইস্কুল)

সপ্তম শ্রেণি (বাংলা)

নমুনা উত্তরপত্র(ওয়ার্কশিট-১)

১।

১.১ ঘ) ক্লাস টেনে।

১.২ ক) প্রকৃতি দেখে।

১.৩ গ) লখনউ।

১.৪ খ) কল্পনা থেকে।

১.৫ ঘ) অট্টালিকা

১.৬ খ) সাম্রাজ্যবাদী শাসকদের নাম।

১.৭ গ) দরিদ্র জনগণ।

১.৮ ক) মূঢ়।

২।

২.১ খোকন চারপাশের প্রকৃতি দেখে বাড়ির সামনে ইউক্যালিপটাস গাছ, বড় পুল, সূর্য, গোলাপফুল ইত্যাদি একেছিল।

২.২ খোকন একদিন আকাশে হাতি আকৃতির একটি মেঘ দেখেছিল। যেন হাতিটি পেছনের দুপায়ে ভর দিয়ে ঝুঁড় তুলে আছে। ড্রাইং খাতায় সেই ছবি আঁকার পর মেলাতে গিয়ে দেখে মেঘ কুমির হয়ে গেছে। তাই সে বেকুব হয়ে গেল।

২.৩ খোকনের ড্রাইং খাতা দেখে বাবার চিত্রকর বন্ধু বললেন যে সেগুলি কপি করা, নিজের কল্পনা ও ভাবনা থেকে আঁকা নয়, এগুলি তার নিজের ছবি নয়।

২.৪ সাম্রাজ্যবাদী শাসকেরা অমরত্ব লাভের জন্য বড় বড় স্থাপত্য নির্মাণ করে নিজেদের ক্ষমতার জাহির করেছিলেন।

২.৫ সমাজের সাধারণ, দরিদ্র শ্রেণির মানুষ ; যাঁরা ব্যক্তি নামে নয় সম্প্রদায়ের নামে বাঁচেন তাদের ক্ষয়, পতন নেই। তাঁরাই মানব হৃদয় ভূমি অধিকার করে আছেন।

৩।

- প্রখ্যাত কবি কামিনী রায় রচিত 'স্মৃতিচিহ্ন' (মূলগ্রন্থ:নির্মাল্য) কবিতায় সাম্রাজ্যবাদী শাসক গোষ্ঠী যাঁরা ক্ষমতা, প্রতিপত্তির জোরে বিশাল বিশাল অট্টালিকা-প্রাসাদ তৈরি করে মানুষের মনে অমরত্ব লাভ করতে চান তাঁদের নাম কালস্রোতে ধুয়ে যায়।

সাম্রাজ্যবাদী শাসকেরা নিজেদের অর্থগৌরব এবং ক্ষমতার জোরে পার্থিব সম্পদের সঞ্চয়ের মাধ্যমে ভবিষ্যৎ কালে অমরত্ব লাভ করতে চান। মানুষের জন্য কল্যাণমূলক কাজের থেকে নিজেদের ক্ষমতা ও সম্পদের প্রদর্শন তাঁদের প্রিয় ছিল। তাই বড় বড় অট্টালিকা তৈরি করে নিজেদের নাম চিরস্থায়ী করতে চেয়েছিলেন। কিন্তু স্বার্থপরতার কারণে তাঁদের নাম ইতিহাসের পাতায় বিস্মৃতির অতলে তলিয়ে গেছে।

- সাধারণ দরিদ্র গোষ্ঠীবদ্ধ মানুষ, যাঁরা ব্যক্তি নামে পরিচিত নন, তাঁরা কঠিন শ্রমের দ্বারা সমাজ ও সভ্যতাকে এগিয়ে নিয়ে যান, তাই তাঁদের নাম কাল স্রোতে নিত্য সমুজ্জ্বল।

সাধারণ মানুষের সুবিশাল অট্টালিকা না থাকলেও তাঁরা প্রতিদিনের কঠিন শ্রমের দ্বারা সমাজ ও সভ্যতাকে সচল রেখেছেন। তাই কালের ইতিহাসে তাঁরা চিরস্থায়ী। যুগ যুগ ধরে এই সাধারণ মানুষের অবিচ্ছিন্ন কর্ম স্রোতের ধারা পৃথিবীর ইতিহাসে চিরস্থায়িত্ব লাভ করেছে।